বাংলাদেশ স্কাউটস ইনবক্স
ডিজিটাল আপডেট
অক্টোবর - ২০১৬






## প্রচ্ছদ প্রতিবেদন



৫



৮




৭

বাংলাদেশ স্কাউটস
ইনবক্স
ডিজিটাল আপডেট
অক্টোবর - ২০১৬



# বাংলাদেশ স্কাউটস এর জাতীয় কাউন্সিলের ৪৫তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত




বাংলাদেশ স্কাউটস এর জাতীয় কাউন্সিলের ৪৫তম বার্ষিক সাধারণ সভা ১৮ অক্টোবর ২০১৬ রবিবার বেলা ৩.০০ টায় ওসমানী স্মৃতি মিলনায়তন ঢাকায় অনুষ্ঠিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও চীফ স্কাউট জনাব মোঃ আবদুল হামিদ কাউন্সিল সভার উদ্বোধন ঘোষণা করেন। সভায় সভাপতিত্ব করেন, বাংলাদেশ স্কাউটস এর সভাপতি জনাব মোঃ আবুল কালাম আজাদ। কাউন্সিল সভার উদ্বোধনী অনুষ্ঠানে দেশের সকল অঞ্চল থেকে আগত কাউন্সিলরবৃন্দ ছাড়াও সরকারী / বেসরকারী প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাগণ, অতিথিবৃন্দ, ২০১৫ সালে অনন্য অবদানের স্বীকৃতিস্বরূপ "রৌপ্য ব্যাঘ্র" ও "রৌপ্য ইলিশ" অ্যাওয়ার্ডপ্রাপ্ত স্কাউটারবৃন্দ, উপস্থিত ছিলেন।

পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কাজ শুরু হয়। সভার শুরুতে স্বাগত বক্তব্য প্রদান করেন বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার ড. মোঃ মোজাম্মেল হক খান। তিনি অনুষ্ঠানের প্রধান অতিথি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও চীফ স্কাউটকে কর্মব্যস্ততার মাঝেও কাউন্সিল সভায় উপস্থিত হওয়ার জন্য আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি তাঁর বক্তব্যে উপস্থিত কাউন্সিলর, অতিথিবৃন্দ ও অ্যাওয়ার্ড প্রাপ্তদের স্বাগত ও অভিনন্দন জানান এবং বাংলাদেশ স্কাউটস-এর গত এক বছরের স্কাউটিং কার্যাবলীর সারসংক্ষেপ তুলে ধরেন। এছাড়াও আগামীতে স্কাউটিং কার্যাবলীর সফল বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

তিনি বলেন, মহামান্য রাষ্ট্রপতি আমাদের সকল কার্যক্রমের অনুপ্রেরণার মূল উৎস। তাঁকে আমাদের মাঝে পেয়ে আজ আমরা গর্বিত। তাঁর সুচিন্তিত দিক-নির্দেশনামূলক পরামর্শ আমাদের আগামী দিনের পথ চলার পাথেয় হয়ে থাকবে। তিনি সকলকে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান।

বাংলাদেশ স্কাউটস এর সভাপতি জনাব মোঃ আবুল কালাম আজাদ সভাপতির বক্তব্যে বলেন যে, রাষ্ট্রীয় শত কর্মব্যস্ততার মাঝেও মহামান্য রাষ্ট্রপতি ও চীফ স্কাউট এর উপস্থিতি আমাদেরকে অনুপ্রাণিত ও উৎসাহিত করেছে। এজন্য মহামান্য রাষ্ট্রপতি কে বাংলাদেশ স্কাউটস এর সকল স্তরের স্কাউট সদস্যদের পক্ষ থেকে আন্তরিক কৃতজ্ঞতা জানান। একই সাথে দেশের বিভিন্ন অঞ্চল থেকে আগত কাউন্সিলবৃন্দকে স্বাগত জানান। তিনি বলেন বাংলাদেশ স্কাউটসের বিভিন্ন বিভাগ তাদের পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করছে। শিশু, কিশোর ও যুবদের প্রশিক্ষণ সুবিধা বৃদ্ধির জন্য জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রের পাশে বন ও পরিবেশ মন্ত্রণালয় থেকে আরো ৯৫ একর বনভূমি দীর্ঘ মেয়াদী ব্যবহারের অনুমতি পাওয়া গেছে। ২৫টির অধিক আন্তর্জাতিক কার্যক্রমে অংশগ্রহণের মাধ্যমে এশিয়া প্যাসিফিক অঞ্চল ও বিশ্ব স্কাউট অঙ্গনে বাংলাদেশের সুনাম উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। স্কাউট শতাব্দী ভবন, ০১টি এ্যানিমেশন ল্যাব, জাতীয় ও অঞ্চল পর্যায়ের প্রশিক্ষণ কেন্দ্রের সম্প্রসারণ ও উন্নয়ন এবং বিভিন্ন স্কাউট কার্যক্রম বাস্তবায়নের জন্য "বাংলাদেশে স্কাউটিং সম্প্রসারণ ও স্কাউট শতাব্দি ভবন নির্মাণ"

**আরো দেখুন**
Scouts.gov.bd
www.fb.com/bdscouts
www.youtube.com/bangladeshscouts

## নতুন ইভেন্টস

**বাংলাদেশ, ভারত, নেপাল, ভূটান স্কাউট পিস ক্যাম্প**
৫-৮ জানুয়ারি ২০১৬
পাটগ্রাম, লালমনিরহাট

**একাদশ জাতীয় রোভার মুট**
জানুয়ারি ২০১৭
গোপালগঞ্জ

**১১তম কোর্স ফর লিডার ট্রেনার**
২০-২৭ নভেম্বর ১৬
জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র
মৌচাক, গাজীপুর

**ডেস্কটপ পাব্লিশিং বিষয়ক ওয়ার্কশপ**
জানুয়ারি-২০১৭
শামস হল, জাতীয় সদর দফতর, ঢাকা।

**ফটো কনটেষ্ট ২০১৬**
অংশগ্রহণের শেষ তারিখ ঃ ৩০ অক্টোবর ২০১৬
বাংলাদেশ স্কাউটস
জাতীয় সদর দফতর

**ফটোগ্রাফি বিষয়ক প্রশিক্ষণ কোর্স**
৯-১২ ডিসেম্বর-২০১৬
শামস হল, জাতীয় সদর দফতর, ঢাকা।



শিরোনামে ১২২ কোটি টাকার একটি প্রকল্প সরকার অনুমোদন দিয়েছে। এই এনিমেশন ল্যাবে প্রশিক্ষণ করে স্কাউটরা নিজেদেরকে দক্ষ মানব সম্পদ হিসেবে আগামী দিনের জন্য প্রস্তুত করবে। বাংলাদেশ যেমন রূপকল্প ২০২১ ঘোষণা দিয়েছে তেমনি বাংলাদেশ স্কাউটসও ২০২১ সালে ২১ লক্ষ স্কাউট তৈরীর জন্য পরিকল্পনা তৈরী করেছে। তিনি দেশবাসীকে তাদের সন্তানদেরকে স্কাউটিংয়ে আসার সুযোগদানের জন্য মিডিয়ার মাধ্যমে আহবান জানান।

অনুষ্ঠানের প্রধান অতিথি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও চীফ স্কাউট জনাব মোঃ আবদুল হামিদ তাঁর ভাষণে উপস্থিত সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে বলেন, সৎ, যোগ্য ও দায়িত্বশীল নাগরিক হিসেবে তরুণ সমাজকে গড়ে তোলা স্কাউট আন্দোলনের মূল লক্ষ্য । এ লক্ষ্যকে সামনে রেখে বাংলাদেশ স্কাউটস এর নেতৃবৃন্দ দেশের তরুণ প্রজন্মকে সুনাগরিক হিসেবে গড়ে তুলতে নিঃস্বার্থভাবে কাজ করে যাচ্ছেন। এর জন্য তিনি সকলকে ধন্যবাদ জানান। যুবরাই জাতির প্রাণশক্তি, দেশ গড়ার প্রধান কারিগর। তাদের যোগ্য ও সুনাগরিক হিসেবে গড়ে তোলা আমাদের সকলের দায়িত্ব। এর জন্য স্কাউটিং একটি আদর্শ প্লাটফরম। আমাদের যুব সমাজকে ব্যাপকভাবে স্কাউটিংয়ের আওতায় আনার লক্ষ্যে কার্যকর উদ্যোগ গ্রহণের জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। তিনি বলেন, বর্তমানে দেশে স্কাউট সদস্য সংখ্যা ১৫ লক্ষ। মহান স্বাধীনতার ৫০ বছর পূর্তিতে স্কাউট সংখ্যা ২১ লক্ষে উন্নীত করার লক্ষমাত্রা নির্ধারণ করা হয়েছে। তিনি ছেলেদের পাশাপাশি মেয়েদেরকেও স্কাউটিংয়ে সমানভাবে সম্পৃক্ত করার ও সংখ্যা বৃদ্ধি করার আহবান জানান। বর্তমানে দেশে ১ লক্ষ ৮০ হাজার গার্ল ইন স্কাউট সদস্য রয়েছে, যা ছেলেদের তুলনায় কম বলে উল্লেখ করেন। তিনি স্কাউট সদস্য সংখ্যা বৃদ্ধির পাশাপাশি গুণগত মান নিশ্চিত করার আহবান জানান।

মহামান্য রাষ্ট্রপতি ও চীফ স্কাউট বলেন, দেশে স্কাউট আন্দোলনকে জোরদার করতে বর্তমান সরকার সব ধরণের সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছে। সরকার সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় ১২২ কোট টাকা ব্যয়ে "বাংলাদেশে স্কাউটিং সম্প্রসারণ ও স্কাউট শতাব্দি ভবন নির্মাণ প্রকল্প" শিরোনামে একটি প্রকল্প বাস্তবায়নের অনুমোদন দিয়েছে। এছাড়াও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে "প্রাথমিক বিদ্যালয় সমূহে কাব স্কাউটিং সম্প্রসারণ (৪র্থ পর্যায়)" শিরোনামে একটি প্রকল্প সরকারের অনুমোদনের অপেক্ষায় আছে। এ প্রকল্পগুলি বাস্তবায়িত হলে দেশে স্কাউট কার্যক্রম সম্প্রসারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে তিনি মনে করেন। এতে দেশের শিশু-কিশোররা স্বনির্ভর ও সুশিক্ষিত জাতি হিসেবে গড়ে উঠে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর স্বপ্নের সোনার বাংলা গঠনে এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত "রূপকল্প ২০২১" ও




### কাব স্কাউট লিডার অ্যাডভান্স কোর্স

১৮-২৩ নভেম্বর ১৬

জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুর

### কাব স্কাউট লিডার স্কিল কোর্স

২৪-২৭ নভেম্বর ১৬

জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুর

### ৫ম জাতীয় বিদ্যুৎ ও জ্বালানি ক্যাম্প

ডিসেম্বর ২০-২৩

সকল জেলা ও উপজেলা

### আর্থিক ব্যবস্থাপনা কোর্স

৮-১১ জানুয়ারি ২০১৭

জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ

মৌচাক, গাজীপুর

### ভিডিও ধারণ ও এডিটিং বিষয়ক প্রশিক্ষণ কোর্স

ফেব্রুয়ারি ১৭

শামস হল, জাতীয় সদর দফতর, ঢাকা।

### চায়না জাপান কোরিয়া বাংলাদেশ যৌথ সমাজ উন্নয়ন ক্যাম্প

ফেব্রুয়ারি ১৭

জাজিরা, শরিয়তপুর

### আর্থ আওয়ার উদযাপন

মার্চ ২০১৭

সকল জেলা ও উপজেলা






"রূপকল্প ২০৪১" বাস্তবায়নে অগ্রণী ভূমিকা পালন করতে সক্ষম হবে বলে তিনি উল্লেখ করেন। তিনি স্কাউটদের সর্বাঙ্গীন সফলতা কামনা করেন।

স্কাউটিং অবদান রাখার স্বীকৃতি স্বরূপ বাংলাদেশ স্কাউটসের সর্বোচ্চ অ্যাওয়ার্ড "রৌপ্য ব্যাঘ্র " এবং দ্বিতীয় সর্বোচ্চ অ্যাওয়ার্ড "রৌপ্য ইলিশ" প্রাপ্তদের অভিনন্দন জানিয়ে জাতীয় কাউন্সিলের ৪৫তম বার্ষিক সাধারণ সভার শুভ উদ্বোধন ঘোষণা করেন।

এরপর মহামান্য রাষ্ট্রপতি বাংলাদেশ স্কাউটস এর ২০১৫ সালের অ্যাওয়ার্ড প্রাপ্ত ০৮জন (একজন মরোনোত্তর সহ) স্কাউটারকে "রৌপ্য ব্যাঘ্র" ও ১৭ জন স্কাউটারকে "রৌপ্য ইলিশ" অ্যাওয়ার্ড প্রদান করেন এবং অ্যাওয়ার্ড প্রাপ্তগণের সাথে ফটোসেশনে অংশগ্রহণ করেন। কাউন্সিলের উদ্বোধনী অনুষ্ঠান অ্যাওয়ার্ড বিতরণ শেষে আলোচ্যসূচি অনুযায়ী কাউন্সিল সভা অনুষ্ঠিত হয়।






**ডিজাস্টার রেসপন্স ট্রেনিং কোর্স, ফরিদপুর**
১৪-১৮ নভেম্বর ১৬
জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুর

**ডিজাস্টার রেসপন্স ট্রেনিং কোর্স, কিশোরগঞ্জ**
১৪-১৮ নভেম্বর ১৬
আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মুক্তাগাছা, ময়মনসিংহ

**ডিজাস্টার রেসপন্স ট্রেনিং কোর্স, কুড়িগ্রাম**
১৪-১৮ নভেম্বর ১৬
আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, দশমাইল, দিনাজপুর

**ডিজাস্টার রেসপন্স ট্রেনিং কোর্স, নারায়ণগঞ্জ**
২০-২৪ নভেম্বর ১৬
জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুর

**ডিজাস্টার রেসপন্স ট্রেনিং কোর্স, ঢাকা**
২০-২৪ নভেম্বর ১৬
রোভার স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, বাহাদুরপুর, ঢাকা

**ডিজাস্টার রেসপন্স ট্রেনিং কোর্স, কুষ্টিয়া**
২০-২৪ নভেম্বর ১৬
আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, পুলেরহাট, যশোর

**ডিজাস্টার রেসপন্স ট্রেনিং কোর্স, নরসিংদী**
০১-০৫ ডিসেম্বর ১৬
রোভার স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, বাহাদুরপুর, ঢাকা

**ডিজাস্টার রেসপন্স ট্রেনিং কোর্স, লালমনিরহাট**
০১-০৫ ডিসেম্বর ১৬
আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, দশমাইল, দিনাজপুর

**ডিজাস্টার রেসপন্স ট্রেনিং কোর্স, লালমনিরহাট**
০১-০৫ ডিসেম্বর ১৬
রাঙামাটি সরকারী কলেজ

**ডিজাস্টার রেসপন্স ট্রেনিং কোর্স, গাজীপুর**
০৭-১১ ডিসেম্বর ১৬
জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুর

বাংলাদেশ স্কাউটস ইনবক্স
ডিজিটাল আপডেট
অক্টোবর - ২০১৬



## ২০১৫ সালের "রৌপ্য ব্যাঘ্র" ও "রৌপ্য ইলিশ" অ্যাওয়ার্ডে যাঁরা ভূষিত হলেন



### "রৌপ্য ব্যাঘ্র " অ্যাওয়ার্ড ঃ

**জনাব মোঃ মাহফুজুর রহমান**
জাতীয় কমিশনার (আইসিটি) ও চেয়ারম্যান (সচিব), ভূমি সংস্কার বোর্ড

**জনাব মোঃ শাহ্ কামাল**
জাতীয় কমিশনার (সমাজ উন্নয়ন)
ও সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

**মরহুম আবু বকর সিদ্দিক**
সাবেক সভাপতি, এক্সটেনশন স্কাউটিং বিষয়ক জাতীয় কমিটি ও প্রাক্তন সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ

**জনাব আখতারুজ জামান খান কবির, এএলটি,**
জাতীয় কমিশনার (সংগঠন) বাংলাদেশ স্কাউটস

**জনাব মোঃ মিজানুর রহমান** এলটি,
অবসরপ্রাপ্ত শিক্ষক,সিভিল এভিয়েশন উচ্চ বিদ্যালয়, তেজগাঁও, ঢাকা

**জনাব মোঃ আব্দুল আজিজ সরদার,**
প্রাক্তন লিডার ট্রেনার, বাংলাদেশ স্কাউটস, কেশবপুর উপজেলা, ঝিনাইদহ

**আলহাজ্ব মোঃ আজিজুল ইসলাম,**
লিডার ট্রেনার, বাংলাদেশ স্কউটস, দিনাজপুর অঞ্চল

**জনাব আমিরুল হুদা এলটি**, রোভার লিডার, কুড়িগ্রাম সরকারি কলেজ রোভার স্কাউট গ্রুপ

### "রৌপ্য ইলিশ " অ্যাওয়ার্ড ঃ

**জনাব মোঃ হুমায়ূন খালিদ**
প্রাক্তন সহ-সভাপতি, বাংলাদেশ স্কাউটস ও প্রাক্তন সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

**জনাব মোঃ মনোয়ার ইসলাম**
সভাপতি, স্পেশাল ইভেন্টস বিষয়ক জাতীয় কমিটি ও সচিব, বিদ্যুৎ বিভাগ

**জনাব মোঃ শাহজাহান আলী মোল্লা**
জাতীয় উপ কমিশনার (ভূ-সম্পত্তি), বাংলাদেশ স্কাউটস

**জনাব মোঃ আরিফুজ্জামান এলটি**, জাতীয় উপ কমিশনার (অ্যাডাল্ট রিসোর্সেস), বাংলাদেশ স্কাউটস

**জনাব মোঃ মমতাজ আলী এলটি**
আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ স্কাউটস, রেলওয়ে, নৌ ও এয়ার অঞ্চল

**জনাব মোহাম্মদ আলী এলটি**
কমিশনার, বাংলাদেশ স্কাউটস, শরীয়তপুর জেলা

**জনাব এস.এম. নজরুল ইসলাম এলটি**
সিনিয়র শিক্ষক, শাহনূরী মডেল হাই স্কুল, ঢাকা

**জনাব মোঃ ফরহাদ আলী এলটি**, আঞ্চলিক উপ কমিশনার (গবেষণা ও মূল্যায়ন), বাংলাদেশ স্কাউটস, রাজশাহী অঞ্চল

**জনাব এস. এম. ওয়ালিউল্লা সিদ্দিক**
সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, চুয়াডাঙ্গা জেলা

**জনাব আলেয়া ছাইদ এলটি**
আঞ্চলিক উপ-কমিশনার (গার্ল-ইন-স্কাউটিং), বাংলাদেশ স্কাউটস, বরিশাল অঞ্চল

**ডাঃ মোঃ সিরাজুল ইসলাম এএলটি**
আঞ্চলিক উপ-কমিশনার, বাংলাদেশ স্কাউটস, সিলেট অঞ্চল

**জনাব মোঃ মহিউল ইসলাম (মুমিত)**
সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সিলেট অঞ্চল

**জনাব মফিজুল ইসলাম সরকার**
আঞ্চলিক কমিশনার, বাংলাদেশ স্কাউটস, কুমিল্লা অঞ্চল

**জনাব ছালেহ আহমেদ**
কমিশনার, বাংলাদেশ স্কাউটস, নোয়াখালী জেলা

**জনাব মোহাম্মদ বেলাল হোসেন**
কমিশনার, বাংলাদেশ স্কাউটস, বান্দরবান পার্বত্য জেলা

**জনাব মোঃ শফিকুল আলম এলটি**
আঞ্চলিক উপ কমিশনার (প্রশিক্ষণ), বাংলাদেশ স্কাউটস, দিনাজপুর অঞ্চল

**প্রফেসর রবীন্দ্রনাথ চৌধুরী এলটি**, কমিশনার, বাংলাদেশ স্কাউটস, কিশোরগঞ্জ জেলা রোভার

**জনাব মশিউর রহমান এএলটি**, জেলা নৌ স্কাউট লিডার, বাংলাদেশ স্কাউটস, চট্টগ্রাম জেলা নৌ

**ডিজাস্টার রেসপন্স ট্রেনিং কোর্স, রেলওয়ে, নৌ, এয়ার অঞ্চল**
০৭-১১ ডিসেম্বর ১৬
জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুর

**ডিজাস্টার রেসপন্স ট্রেনিং কোর্স, খাগড়াছড়ি**
০৭-১১ ডিসেম্বর ১৬
খাগড়াছড়ি সরকারী কলেজ

### আন্তর্জাতিক ইভেন্টস

**প্রথম সিঙ্গাপুর রোভার মুট**
১৭-২১ ডিসেম্বর ২০১৬
সিঙ্গাপুর

**২১তম নিউজিল্যান্ড জাম্বুরী**
২৯ ডিসেম্বর ১৬- ০৭ জানুয়ারি ১৭
নিউজিল্যান্ড

**১৩তম মালয়েশিয়া স্কাউট জাম্বুরী**
২৫ নভেম্বর-০১ ডিসেম্বর ২০১৬
মালয়েশিয়া

**তৃতীয় আরব ইয়ুথ ফোরাম**
০১-০৫ নভেম্বর ২০১৬
ওমান

**১৭তম ভারত জাম্বুরী**
২৯ ডিসেম্বর ১৬-০৪ জানুয়ারি ২০১৭
মহিপুর, কর্ণাটক, ভারত

**আমেরিকা ন্যাশনাল জাম্বুরী**
১৯-২৮ জুলাই ২০১৭
ওয়েস্ট ভার্জিনিয়া, ইউএসএ

**সুইডেন জাম্বুরী**
৫-১২ আগষ্ট ২০১৭
রিংকেবী , সুইডেন

**এভরিথিং ইজ পসিবল জাম্বুরী**
১৪-২১ অক্টোবর ২০১৬
থাইল্যান্ড



# সারাদেশে ৫৯তম জাম্বুরী অন দ্যা এয়ার ও ২০তম জাম্বুরী অন দ্যা ইন্টারনেটে অনুষ্ঠিত




বিশ্ব স্কাউট কর্মসূচির অংশ হিসেবে ১৫-১৬ অক্টোবর ২০১৬ দেশব্যাপী অনুষ্ঠিত হয় ৫৯তম জোটা (জাম্বুরী অন দ্যা এয়ার) ও ২০তম জোটি (জাম্বুরী অন দ্যা ইন্টারনেট)। তথ্য প্রযুক্তির কলা কৌশল সম্পর্কে স্কাউট ও রোভার স্কাউটদের হাতে কলমে জ্ঞান অর্জনসহ বিভিন্ন দেশের স্কাউটদের সাথে বন্ধুত্ব স্থাপন ও মতবিনিময়ের লক্ষ্যে সারা দেশব্যাপী জোটা, জোটি বাস্তবায়ন করা হয়েছে। ১৫ অক্টোবর বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতর, কাকরাইলে ৫৯তম জোটা ও ২০তম জোটি এর উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ৫৯তম জোটা (জাম্বুরী অন দ্যা এয়ার) ও ২০তম জোটির (জাম্বুরী অন দ্যা ইন্টারনেট) উদ্বোধন করেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক, এমপি।

অনুষ্ঠানে স্কাউট ব্যক্তিত্ব হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ হাবিবুল আলম, বীর প্রতীক, সহ-সভাপতি, বাংলাদেশ স্কাউটস। সভাপতিত্ব করেন জনাব মনোয়ার ইসলাম, সভাপতি, স্পেশাল ইভেন্টস বিষয়ক জাতীয় কমিটি, বাংলাদেশ স্কাউটস ও সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। স্বাগত বক্তব্য রাখেন জনাব মোঃ মনিরুল ইসলাম খান, জাতীয় উপ-কমিশনার (স্পেশাল ইভেন্টস), বাংলাদেশ স্কাউটস, শুভেচ্ছা বক্তব্য দেন, জনাব আরশাদুল মুকাদ্দিস, নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত) বাংলাদেশ স্কাউটস। অনুষ্ঠান সঞ্চালনা করেন জনাব এ এইচ এম শামছুল আজাদ, উপ-পরিচালক (স্পেশাল ইভেন্টস), বাংলাদেশ স্কাউটস।

প্রধান অতিথি তাঁর বক্তব্যে সাইবার প্রতারণা শিকারের হাত থেকে সাধারণ মানুষকে রক্ষা করতে স্কাউট সদস্যবৃন্দকে আহবান জানান। আগামী ২০১৭ সাল থেকে বাংলাদেশ স্কাউটস ও সরকারের তথ্য ও প্রযুক্তি বিভাগ যৌথভাবে সাইবার প্রতারণার হাত থেকে রক্ষাকারী স্কাউটদের মধ্যে থেকে দেশব্যাপী 'ইন্টারনেট হিরো' তৈরি করার ঘোষণা দেন। স্কুল জীবনে স্কাউটিং করার অভিজ্ঞতা বর্তমান কর্মক্ষেত্রে বিশেষভাবে কাজে প্রয়োগ করছেন বলে তিনি তার বক্তব্যে উল্লেখ করেন। অনলাইনের মাধ্যমে লেখা পড়ার সহায়তা নেয়া এবং মানুষের উপকার করার জন্যও স্কাউটদের প্রতি আহবান জানান তিনি। বাংলাদেশ স্কাউটস এর ১৭টি প্রশিক্ষণ কেন্দ্রে শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতরে একটি ডিজিটাল ভাষা ল্যাব স্থাপন করার





59th Bangladesh Scouts 20th
JAMBOREE 14-16 OCT 2016 DISCOVER OUR WORLD
JOTA On The Air JOTI On The Internet








ঘোষণা দেন। পরে তিনি ভিডিও কনফারেন্সের মাধ্যমে কুমিল্লা ও জয়পুরহাটসহ বিভিন্ন স্থানে অনুষ্ঠিত জোটা-জোটিতে অংশগ্রহণকারী স্কাউটদের সাথে কথা বলেন।



জাম্বুরী অন দ্যা এয়ার উপলক্ষে বাংলাদেশ এমেচার রেডিও লীগের সহযোগিতায় জাতীয় সদর দফতর, শামসুল হক খান স্কুল ও কলেজ, ঢাকা, মোহাম্মদপুর গ্রাফিকস আর্ট ইন্সটিটিউট, ঢাকা এবং সিলেট ও গোপালগঞ্জে একটি করে এমেচার রেডিও স্টেশন স্থাপন করা হয়।

দেশের সকল জেলায় একযোগে অনুষ্ঠিত এই জোটা ও জোটিতে প্রায় পনের হাজার স্কাউট ও রোভার স্কাউট অংশগ্রহণ করে। জোটা জোটি উপলক্ষে ব্যাজ তৈরী করা হয়েছে এবং প্রকাশিত হয়েছে একটি থিম সং। অংশগ্রহণকারীগণ অনলাইনের মাধ্যমে পেয়েছে জাম্বুরী সার্টিফিকেট। জাম্বুরীর সকল কার্যক্রম অংশগ্রহণকারীদের অনলাইনে দেখার জন্য বিশেষ ওয়েভ এর ব্যবস্থা করা হয়। ফলে এক জেলা বা স্টেশনের অংশগ্রহণকারীগণ অন্য জেলার কার্যক্রম সরাসরি উপভোগ করে। জোটা জোটিতে অংশগ্রহণকারীগণ আমেরিকা, জাপান, ইংল্যান্ড, ইন্দোনেশিয়া, নরওয়ে, জার্মানী, ডেনমার্ক, তাইওয়ান সহ বিশ্বের বিভিন্ন দেশের সাথে এবং বাংলাদেশের বিভিন্ন জেলার স্কাউটদের সাথে যোগাযোগ স্থাপন করে নিজেদের অভিজ্ঞতা বিনিময় করে। একই সাথে আমেচার রেডিও এর মাধ্যমে ভারত, ইন্দোনেশিয়া ফিলিপাইন সহ বিশ্বের বিভিন্ন দেশ ও বাংলাদেশের জোটা স্টেশনে উপস্থিত স্কাউটদের সাথে মতবিনিময় করে বন্ধুত্বের বন্ধনকে করেছে সুদৃঢ়।

১৬ অক্টোবর ১৬ তারিখ বিকেল ৫-৩০ মিনিটে সমাপনী অনুষ্ঠানে ৫৯তম জোটা ও ২০তম জোটি এর আনুষ্ঠানিকভাবে সমাপ্তি ঘোষণা করেন, জোটা জোটি কো অর্ডিনেটর জনাব মোঃ আরিফুজ্জামান।










## জোটা জোটি ওরিয়েন্টেশন কোর্স




দেশব্যাপী ৫৯তম জোটা ও ২০তম জোটি স্টেশন পরিচালনা এবং জোটা ও জোটিতে স্কাউটদের সক্রিয় অংশগ্রহণে সহায়তদানের লক্ষ্যে ০৮ অক্টোবর ২০১৬ তারিখ জাতীয় সদর দফতরের শামস হলে ৫৯তম জোটা ও ২০তম জোটির স্টেশন অপারেটরদের জন্য দিনব্যাপী ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়। ওরিয়েন্টেশন কোর্সে অংশগ্রহণকারীগণ তথ্য প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে জোটা জোটি বাস্তবায়ন করার দক্ষতা অর্জন করেন। ওরিয়েন্টেশন কোর্স উদ্বোধন করেন, জনাব মোঃ মনিরুল ইসলাম খান, জাতীয় উপ কমিশনার (স্পেশাল ইভেন্টস) বাংলাদেশ স্কাউটস। উদ্বোধনী অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, জনাব আরশাদুল মুকাদ্দিস, নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত) বাংলাদেশ স্কাউটস, জোটা জোটি কো-অর্ডিনেটর জনাব মোঃ আরিফুজ্জামান, জাতীয় উপ কমিশনার (এডাল্ট রিসোর্সেস) বাংলাদেশ স্কাউটস, জোটি কো-অর্ডিনেটর জনাব ইশতিয়াক মাহমুদ, প্রাক্তণ জাতীয় উপ কমিশনার, বাংলাদেশ স্কাউটস ও সৈয়দ জাহাঙ্গীর আলম, যুগ্ম সম্পাদক, ঢাকা জেলা রোভার এবং যুগ্ম কো-অর্ডিনেটর জনাব আব্দুল্লাহ আল ফাহাদ। ওরিয়েন্টেশন কোর্সে সারাদেশ থেকে ১০০ জন রোভার স্কাউট ও স্কাউটার সক্রিয় অংশগ্রহণ করে। এছাড়াও জোটা পরিচালনার ব্যাপারে বাংলাদেশ অ্যামেচার রেডিও লীগ এর প্রতিনিধিগণ উপস্থিত থেকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করে।





# বাংলাদেশ স্কাউটস ঢাকা মেট্রোপলিটন এর কাউন্সিল সভা অনুষ্ঠিত




বাংলাদেশ স্কাউটস, ঢাকা মেট্রোপলিটন এর ২০তম বার্ষিক সাধারণ সভা ২০ অক্টোবর ২০১৬ তারিখ নিজাম হলে অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার ড. মোঃ মোজাম্মেল হক খান। সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ সালাহ উদ্দিন, সভাপতি, বাংলাদেশ স্কাউটস, ঢাকা মেট্রোপলিটন ও জেলা প্রশাসক, ঢাকা । বক্তব্য রাখেন জনাব গৌর চন্দ্র, কমিশনার, বাংলাদেশ স্কাউটস ঢাকা অঞ্চল, জনাব আরশাদুল মুকাদ্দিস, নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস, জনাব শামীমুল হক, কমিশনার, বাংলাদেশ স্কাউটস, ঢাকা মেট্রোপলিটন, জনাব উত্তম কুমার হাজরা, সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, ঢাকা মেট্রোপলিটন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন অধ্যক্ষ, ভিকারুন্নেছা স্কুল অ্যান্ড কলেজ। বাংলাদেশ স্কাউটস, ঢাকা মেট্রোপলিটন এর বিভিন্ন প্রতিষ্ঠানের প্রধান, নির্বাহী কমিটির সদস্য, কাউন্সিলরগণ সভায় উপস্থিত ছিলেন। প্রধান অতিথি ড. মোঃ মোজাম্মেল হক খান তাঁর বক্তব্য শেষে বেলুন ও পায়রা উড়িয়ে বাংলাদেশ স্কাউটস, ঢাকা মেট্রোপলিটন এর ২০তম বার্ষিক সাধারণ সভার উদ্বোধন করেন।

# দুর্যোগে সাড়াদান বিষয়ক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত

ইউএনডিপি, বাংলাদেশ এর অর্থায়নে এবং বাংলাদেশ স্কাউটস এর পরিচালনায় দুর্যোগে সেবাদানে দক্ষতা অর্জনের লক্ষ্যে গত ২০-২৪ অক্টোবর ১৬ পর্যন্ত রাজবাড়ী, মুন্সীগঞ্জ ও নড়াইল জেলার রোভার স্কাউট ও স্কাউটারদের নিয়ে দুর্যোগে সাড়াদান বিষয়ক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। পাঁচদিন ব্যাপী অনুষ্ঠিত এই প্রশিক্ষণ কোর্সে রাজবাড়ী জেলার অংশগ্রহণকারীগণ জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুরে, মুন্সীগঞ্জ জেলার অংশগ্রহণকারীগণ রোভার স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, বাহাদুরপুর, গাজীপুরে ও নড়াইল জেলার অংশগ্রহণকারীগণ আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, পুলেরহাট যশোরে দুর্যোগে সাড়াদান বিষয়ক প্রশিক্ষণ গ্রহণ করে। জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাকে অনুষ্ঠিত কোর্স পরিদর্শন করেন, বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার (সমাজ উন্নয়ন) ও সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় জনাব মোঃ শাহ কামাল। তিনি অংশগ্রহণকারীদের সাথে দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে মতবিনিময় করেন। প্রতিটি কোর্সে ৪০ জন রোভার স্কাউট ও স্কাউটার সক্রিয়ভাবে অংশগ্রহণ করে।

# বাংলাদেশ স্কাউটস, মৌলভীবাজার জেলায় ত্রৈ-বার্ষিক কাউন্সিল সভা

বাংলাদেশ স্কাউটস, সিলেট অঞ্চলের আওতাধীন মৌলভীবাজার জেলা স্কাউটসের ত্রৈ-বার্ষিক কাউন্সিল সভা সম্পন্ন হয়েছে। গত ০১ অক্টোবর, মৌলভীবাজার জেলা কাব ভবনের অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন, জেলা স্কাউটসের সহ-সভাপতি ও অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জনাব মাসুকুর রহমান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার (সংগঠন) জনাব আখতারুজ জামান খান কবির। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার (প্রকল্প) জনাব মোঃ মাহমুদুল হক ও জাতীয় কমিশনার (উন্নয়ন) জনাব মোঃ মেসবাহ উদ্দিন ভূঁইয়া। কাউন্সিলে আরো উপস্থিত ছিলেন, মৌলভীবাজার পৌরসভার মেয়র জনাব মোঃ ফজলুর রহমান, বাংলাদেশ স্কাউটস, সিলেট অঞ্চলের সাবেক সহ-সভাপতি ডাঃ আব্দুল্লাহ আল মাহমুদ, বাংলাদেশ স্কাউটস, সিলেট অঞ্চলের আঞ্চলিক কমিশনার জনাব মুবিন আহমদ জায়গীরদার সহ অন্যান্য স্কাউটার এবং কাউন্সিলরগণ। সভায় জনাব মোঃ আব্দুল ওয়াহিদ জেলা সম্পাদক হিসেবে পুনঃনির্বাচিত হন এবং জনাব স ব ম দানিয়েল কে জেলা কমিশনার নিয়োগের জন্য সুপারিশ করা হয়।







# নীলফামারী জেলা স্কাউট সমাবেশ ও ক্যাম্পুরী







বাংলাদেশ স্কাউটস নীলফামারী জেলার উদ্যোগে ১২-১৬ অক্টোবর ১৬ পর্যন্ত ৫ম জেলা স্কাউট সমাবেশ, ৫ম জেলা রোভার মুট ও ৩ম জেলা কাব ক্যাম্পুরী অনুষ্ঠিত হয় অনুষ্ঠিত হয়। ১৩ অক্টোবর ২০১৬ তারিখ সকালে সমাবেশ, মুট ও ক্যাম্পুরী উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি জনাব আসাদুজ্জামান নুর, মাননীয় মন্ত্রী, সংস্কৃতিক বিষয়ক মন্ত্রণালয়। জেলা স্কাউট সমাবেশে ৩৯টি স্কাউট ইউনিট, জেলা রোভার মুটে ১৫টি রোভার ইউনিট এবং ক্যাম্পুরীতে ৩৪ টি কাব ইউনিট অংশগ্রহণ করে।

# ৩য় লালমনিরহাট জেলা স্কাউট সমাবেশ



বাংলাদেশ স্কাউটস লালমনিরহাট জেলার উদ্যোগে ২৬-২৯ অক্টোবর ১৬ পর্যন্ত উত্তরবাংলা কলেজ প্রাঙ্গণ, কালিগঞ্জ, লালমনিরহাট এ জেলা স্কাউট সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশ উদ্বোধন করেন, প্রধান অতিথি জনাব আবুল ফয়েজ মোঃ আলাউদ্দিন খান, জেলা প্রশাসক, লালমনিরহাট জেলা। উদ্বোধনী অনুষ্ঠানে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), উপজেলা নির্বাহী অফিসারগণ সহ জেলা ও উপজেলা স্কাউটস এর কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সমাবেশে মোট ৩৩ টি স্কাউট ইউনিট অংশগ্রহণ করে।




# একাদশ রোভার মুট সাংগঠনিক কমিটির সভা অনুষ্ঠিত



একাদশ জাতীয় রোভার মুট সাংগঠনিক কমিটির ৩য় সভা ৩০ অক্টোবর, ২০১৬ তারিখে জাতীয় স্কাউট ভবনের শামস হলে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন, সাংগঠনিক কমিটির সভাপতি, জনাব মোঃ শাহ কামাল, জাতীয় কমিশনার (সমাজ উন্নয়ন) ও সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। সভায় একাদশ জাতীয় রোভার মুট আয়োজনের লক্ষ্যে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

# জয়পুরহাট জেলায় ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত

জয়পুরহাটের সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্কাউট দল গঠন ও স্কাউট জেলা ঘোষণা করার কার্যক্রমের অংশ হিসেবে বাংলাদেশ স্কাউটস, জয়পুরহাট জেলার ব্যবস্থাপনায় ১৭৬ তম স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টশন কোর্স সম্পন্ন হয়েছে। কোর্সের উদ্বোধন করেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার জনাব বদরুজ্জেহা। উক্ত কোর্সে ৫২ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে। এছাড়াও ২৫ অক্টোবর ১৬ তারিখ জয়পুরহাট জেলা স্কাউটসের ব্যবস্থাপনায় ১৭৭তম ইউনিট লিডার ওরিয়েন্টশন কোর্স অনুষ্ঠিত হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও জেলা কমিশনার জনাব মোঃ তোফাজ্জল হোসেন কোর্সের উদ্বোধন করেন। ওরিয়েন্টশন কোর্সে জেলা প্রশাসন ও শিক্ষা বিভাগের কর্মকর্তা এবং জেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার শিক্ষকসহ ৫০ জন অংশগ্রহণ করেন।



## ১২তম ট্রেনার্স অ্যাডভান্সমেন্ট কোর্স

বাংলাদেশ স্কাউটসের ১২তম ট্রেনার্স অ্যাডভান্সমেন্ট কোর্স ১৩-১৬ অক্টোবর ১৬ পর্যন্ত পিটিআই চট্রগ্রামে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ স্কাউটস চট্রগ্রাম অঞ্চলের ব্যবস্থাপনায় অনুষ্ঠিত ট্রেনার্স অ্যাডভান্সমেন্ট কোর্স ১৪ অক্টোবর উদ্বোধন করেন, জনাব মোঃ মহসিন এলটি, জাতীয় কমিশনার (প্রশিক্ষণ) বাংলাদেশ স্কাউটস । কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন, জনাব মোঃ জামিল আহমেদ, এলটি, জাতীয় উপ কমিশনার (প্রশিক্ষণ) বাংলাদেশ স্কাউটস। এছাড়াও রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন, জনাব আমিমুল এহসান খান পারভেজ, এলটি, জাতীয় উপ কমিশনার (জনসংযোগ ও মার্কেটিং) বাংলাদেশ স্কাউটস ও জনাব মোঃ তৌফিক আলী, এলটি সম্পাদক, অগ্রদূত। চারদিন ব্যাপী অনুষ্ঠিত এই কোর্সে চট্রগ্রাম, কুমিল্লা, রেলওয়ে রোভার অঞ্চল থেকে মোট ৩৬ জন এলটি ও এএলটি অংশগ্রহণ করেন।




## কিন্ডারগার্টেন স্কুলে কাব দল গঠনের জন্য মতবিনিময় সভা অনুষ্ঠিত

বাংলাদেশ স্কাউটস এর এক্সটেনশন স্কাউটিং বিভাগের আয়োজনে ৫ অক্টোবর ২০১৬ তারিখ বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশনের প্রতিনিধিগনের সাথে স্কাউটিং সম্প্রসারণ বিষয়ক মতবিনিময় সভা শামস হল, জাতীয় সদর দফতরে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশনের ১০ সদস্য বিশিষ্ট এক প্রতিনিধি সভায় অংশগ্রহণ করেন। সভায় সভাপতিত্ব করেন জাতীয় কমিশনার (এক্সটেনশন স্কাউটিং) কাজী নাজমুল হক নাজু। এছাড়া জাতীয় কমিশনার (প্রোগ্রাম) জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম খান, জাতীয় কমিশনার (সংগঠন), জনাব আখতারুজ জামান খান কবির, জাতীয় কমিশনার (জনসংযোগ ও মার্কেটিং) জনাব সরোয়ার মোহাম্মদ শাহরিয়ার, নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত) জনাব আরশাদুল মুকাদ্দিস, জাতীয় উপ কমিশনার (এক্সটেনশন স্কাউটিং) জনাব আই কে সেলিম উল্লাহ খোন্দকার, ও অন্যান্য কর্মকর্তাগণ সভায় উপস্থিত ছিলেন।

সভায় কিন্ডারগার্টেন এসোসিয়েশনের সদস্যগণ দেশব্যাপী রেজিস্টার্ড-নন রেজিস্টার্ড প্রায় ৪০,০০০ কিন্ডারগার্টেনে ১টি করে কাব স্কাউট দল খোলার বিষয়ে সবাই একযোগে কাজ করার জন্য প্রতিশ্রুতি দেন। এছাড়াও প্রতিটি কিন্ডারগার্টেন এ একজন শিক্ষক/শিক্ষিকাকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে তালিকা প্রদানের জন্যও প্রতিশ্রুতি দেন।



## হবিগঞ্জ জেলা রোভার স্কাউটসের ত্রৈ-বার্ষিক কাউন্সিল সভা অনুষ্ঠিত।

বাংলাদেশ স্কাউটস, হবিগঞ্জ জেলা রোভার এর ত্রৈ-বার্ষিক কাউন্সিল অনুষ্ঠিত হয়েছে। ১৭ অক্টোবর ১৬ সোমবার জেলা প্রশাসন সম্মেলন কক্ষে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জনাব মোঃ সফিউল আলম এর সভাপতিত্বে অনুষ্ঠিত কাউন্সিল সভায় উপস্থিত ছিলেন, বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চলের ভারপ্রাপ্ত সম্পাদক, জনাব খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেল, আঞ্চলিক উপ-কমিশনার জনাব মোঃ মবশ্বীর আলী, বাংলাদেশ স্কাউটস সিলেট অঞ্চলের সহকারি পরিচালক জনাব মোঃ আনোয়ার হোসেন। কাউন্সিলে হবিগঞ্জ মুক্ত রোভার স্কাউট গ্রুপের সম্পাদক এডভোকেট মোহাম্মদ আবদুল কাইয়ুম সম্পাদক নির্বাচিত হন এবং বৃন্দাবন সরকারী কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. মোঃ আব্দুল মালেক কে জেলা রোভার স্কাউটের কমিশনার নিয়োগের জন্য সুপারিশ করা হয়। এছাড়াও কাউন্সিল সভায় জেলা রোভারের নির্বাহী কমিটির অন্যান্য পদেও স্কাউটারগণ নির্বাচিত হন। সভার সভাপতি জনাব মোঃ সফিউল আলম ত্রৈ-বার্ষিক কাউন্সিল সফলভাবে অনুষ্ঠানের জন্য অংশগ্রহনকারীদের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে জেলা রোভারের কার্যক্রম আরো জোরদার করার আহ্বান জানান।

## নারায়ণগঞ্জে স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স

বাংলাদেশ স্কাউটস নারায়ণগঞ্জ জেলার স্কাউটিং বিষয়ক এক ওরিয়েন্টেশন কোর্স ২৫ অক্টোবর ১৬ তারিখ জেলা প্রশাসক সভা কক্ষ ও সার্কিট হাউজে অনুষ্ঠিত হয়। স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স উদ্বোধন করেন জেলা স্কাউটস সভাপতি ও জেলা প্রশাসক জনাব রাব্বী মিয়া। দিনব্যাপী অনুষ্ঠিত এই ওরিয়েন্টেশন কোর্সে নারায়ণগঞ্জ জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষিকাগণ যোগদান করেন।





# আন্তর্জাতিক প্রোগ্রামে অংশগ্রহণ

### এপিআর জনসংযোগ ও মার্কেটিং বিষয়ক ওয়ার্কশপ

এশিয়া প্যাসিফিক অঞ্চলের পরিচালনায় গত ১০-১৫ অক্টোবর ২০১৬ পর্যন্ত ব্যাংকক, থাইল্যান্ডে এপিআর জনসংযোগ ও মার্কেটিং বিষয়ক এক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। উক্ত ওয়ার্কশপে বাংলাদেশ স্কাউটস থেকে যোগদান করেন এর জাতীয় কমিশনার (জনসংযোগ ও মার্কেটিং) জনাব সরোয়ার মোহাম্মদ শাহরিয়ার ।



### এপিআর ম্যানেজমেন্ট সাব কমিটির সভা



১৩ অক্টোবর ১৬ তারিখ ব্যাংকক, থাইল্যান্ডে অনুষ্ঠিত হয় এশিয়া প্যাসিফিক রিজিওনাল ম্যানেজমেন্ট সাব কমিটির সভা। সভায় যোগদান করেন, বাংলাদেশ স্কাউটস এর জাতীয় উপ কমিশনার (আন্তর্জাতিক) জনাব মোহাম্মদ আতিকুজ্জামান রিপন।

### এপিআর ওয়ার্কশপ অন ডিজাস্টার রেসপন্স ম্যানেজমেন্ট




০৫-০৯ অক্টোবর ২০১৬ পর্যন্ত জাপানে অনুষ্ঠিত হয় এপিআর ওয়ার্কশপ অন ডিজাস্টার রেসপন্স ম্যানেজমেন্ট। উক্ত ওয়ার্কশপে বাংলাদেশ স্কাউটস থেকে ০৯ সদস্য বিশিষ্ট এক প্রতিনিধি দল যোগদান করেন। প্রতিনিধি দলের সদস্যগণ হচ্ছে, মোসাম্মৎ মাহফুজা পারভীন, উপ পরিচালক, বাংলাদেশ স্কাউটস, জনাব মোঃ আব্দুল হান্নান, সদস্য, জাতীয় সমাজ উন্নয়ন কমিটি, জনাব সাইফুল ইসলাম, যুগ্ম সম্পাদক, ঢাকা জেলা রোভার, জনাব মেহেদী হাসান, রোভার স্কাউট, জনাব মোঃ নজরুল ইসলাম, এলটি, নৌ অঞ্চল, শেখ মোহাম্মদ হায়াত আহমেদ, সহকারী স্কাউট লিডার, নৌ অঞ্চল, জনাব এবিএম জিয়াউল আহসান, গ্রুপ লিডার, নৌ অঞ্চল, জনাব বাদশা মিয়া, সহকারী কমিশনার, ঢাকা জেলা রোভার, জনাব ফরিদ উদ্দিন, সহকারী পরিচালক (কাব প্রকল্প) বাংলাদেশ স্কাউটস।

## গ্রুপ ক্যাম্প

কিংসুক নৌ স্কাউট গ্রুপের ৫ম গ্রুপ ক্যাম্প ২১ অক্টোবর ১৬ মিরপুর, ঢাকায় অনুষ্ঠিত হয়। সন্ধ্যায় অনুষ্ঠিত হয় ক্যাম্প ফায়ার ও সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠান। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম খান, জাতীয় কমিশনার (প্রোগ্রাম) বাংলাদেশ স্কাউটস। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জনাব সরোয়ার মোহাম্মদ শাহরিয়ার, জাতীয় কমিশনার (জনসংযোগ ও মার্কেটিং) বাংলাদেশ স্কাউটস।




### বাগেরহাট জেলায় অনুষ্ঠিত হয়েছে মেট কোর্স



বাংলাদেশ স্কাউটস বাগেরহাট জেলা রোভারের ব্যবস্থাপনায় ২৩-২৭ অক্টোবর ১৬ পর্যন্ত জেলা রোভার কার্যালয় প্রাঙ্গণে ৫ দিনব্যাপি অনুষ্ঠিত হয় হয় ১০ম জেলা রোভার মেট কোর্স। জেলা রোভারের ব্যবস্থাপনায় অনুষ্ঠিত রোভার মেট কোর্সে বাগেরহাটের ২০টি কলেজ থেকে ৫০ জন রোভার ও গার্ল ইন রোভার অংশগ্রহণ করছে। জেলা রোভার স্কাউট লিডার জনাব আলীম আল রেজা কোর্স লিডার হিসেবে দায়িত্ব পালন করেন।

## স্কিল কোর্স

বাংলাদেশ স্কাউটস রাজশাহী অঞ্চলের ব্যবস্থাপনায় ১৮-২০ অক্টোবর ১৬ তারিখ পর্যন্ত আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, নওদাপাড়া রাজশাহীতে অনুষ্ঠিত হয় ৭৭তম স্কাউট লিডার স্কিল কোর্স। কোর্সে কোর্স লিডার হিসেবে দায়িত্ব পালন করেন, জনাব ইয়ার মোহাম্মদ, এলটি। কোর্সে মোট ৪২ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে দল পরিচালনা ও স্কাউটিং বিষয়ে দক্ষতা অর্জন করে।







## স্মরণ সভা ও দোয়া মাহফিল




বাংলাদেশ স্কাউটসের প্রাক্তন কোষাধ্যক্ষ, প্রবীন স্কাউটার মরহুম জেড এ শামছুল হক এর স্মরণ সভা ও দোয়া মাহফিল ১৩ সেপ্টেম্বর, ২০১৬ তারিখ জাতীয় স্কাউট ভবনের শামস হলে অনুষ্ঠিত হয়। দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন, বাংলাদেশ স্কাউটসের সভাপতি জনাব মোঃ আবুল কালাম আজাদ, প্রাক্তন প্রধান নির্বাচন কমিশনার, জনাব মোঃ আবু হেনা, বাংলাদেশ স্কাউটসের প্রধান জাতীয় কমিশনার ড. মোঃ মোজাম্মেল হক খান, প্রাক্তন জাতীয় কমিশনার জনাব মোঃ আনোয়ারুল আলম, প্রাক্তন জাতীয় কমিশনার জনাব মোঃ সাইফুল ইসলাম খান, বাংলাদেশ স্কাউটসের সহ-সভাপতি জনাব মোঃ হাবিবুল আলম, বীর প্রতীক, বাংলাদেশ স্কাউটসের কোষাধ্যক্ষ জনাব মোঃ আবদুস সালাম খান, মরহুম জেড এ শামছুল হক পুত্র জনাব ফিদা হক বর্তমান ও প্রাক্তন জাতীয় কমিশনার, জাতীয় উপ কমিশনার, নির্বাহী পরিচালক, প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ, স্কাউটার, স্কাউট ও রোভার স্কাউটগণ। মরহুমের বর্ণাঢ্য জীবনী আলোচনা শেষে আত্মার মাগফেরাত কামনা করে দোয়া করা হয়। উল্লেখ যে, প্রবীন স্কাউটার জেড এ শামছুল হক গত ২৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখ সকাল ৮-০০ টায় ৮৭ বছর বয়সে ধানমন্ডির নিজ বাড়ীতে ইন্তেকাল করেন।

## ইমেজ ব্র্যান্ডিং ও মার্কেটিং বিষয়ক আঞ্চলিক ওয়ার্কশপ

বাংলাদেশ স্কাউটসের জনসংযোগ ও মার্কেটিং বিভাগের পরিচালনায় এবং খুলনা অঞ্চলের ব্যবস্থাপনায় ০১ অক্টোবর ১৬ তারিখ আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, পুলেরহাট, যশোরে অনুষ্ঠিত হয় ইমেজ ব্র্যান্ডিং ও মার্কেটিং বিষয়ক আঞ্চলিক ওয়ার্কশপ। ওয়ার্কশপ উদ্বোধন করেন, জনাব সরোয়ার মোহাম্মদ শাহরিয়ার, জাতীয় কমিশনার (জনসংযোগ ও মার্কেটিং) বাংলাদেশ স্কাউটস। ওয়ার্কশপে খুলনা অঞ্চলের বিভিন্ন জেলা থেকে ১০০ জন স্কাউটার অংশগ্রহণ করে।




## চট্রগ্রামে স্কাউট লিডার অ্যাডভান্স কোর্স অনুষ্ঠিত



বাংলাদেশ স্কাউটস, চট্টগ্রাম অঞ্চলের ব্যবস্থাপনায় ২০-২৫ অক্টোবর ২০১৬ তারিখ পর্যন্ত ৩৪২ তম স্কাউট ইউনিট লিডার অ্যাডভান্স কোর্স চট্টগ্রাম পিটিআই এ অনুষ্ঠিত হয়। ৬ দিনব্যাপী অনুষ্ঠিত এ কোর্সে চট্টগ্রাম মেট্রোপলিটন জেলা, চট্টগ্রাম ও কক্সবাজার জেলার বিভিন্ন উপজেলার মাধ্যমিক বিদ্যালয় হতে ৩১ জন শিক্ষক অংশগ্রহন করেন। কোর্সের মহাতাঁবু জলসা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম জনাব মোঃ রুহুল আমিন এবং চট্টগ্রাম পিটিআই সুপার জনাব রফিকুল ইসলাম তালুকদার।

## গ্রুপ সভাপতি ও রোভার স্কাউট লিডার ওয়ার্কশপ

বাংলাদেশ স্কাউটস ফেনী জেলা রোভার এর ব্যবস্থাপনায় গত ২৬শে অক্টোবর, ২০১৬ তারিখে সরকারী জিয়া মহিলা কলেজে সারাদিন ব্যাপি অনুষ্ঠিত হয়েছে গ্রুপ সভাপতি ও রোভার স্কাউট লিডার ওয়ার্কশপ। উক্ত ওয়ার্কশপ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান স্কাউট ব্যক্তিত্ব হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও ফেনী জেলা রোভার এর সভাপতি জনাব মোঃ আমিন উল আহসান। আরো উপস্থিত ছিলেন ফেনী জেলা রোভার এর কমিশনার প্রফেসর আবুল কালাম আজাদ অধ্যক্ষ, ফেনী সরকারী কলেজ। এছাড়াও ওয়ার্কশপ এ কর্মকর্তা হিসেবে উপস্থিত ছিলেন চট্রগ্রাম বিভাগীয় রোভার লিডার প্রতিনিধি জনাব রুহুল আমীন এল.টি, প্রফেসর মোঃ মুজাহিদ হোসেন এল.টি. ও বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চলের উপ-পরিচালক জনাব আবুল খায়ের এল.টি.। উক্ত ওয়ার্কশপে ফেনী জেলার ৫০ টি কলেজ, ইনস্টিটিউট, মাদ্রাসার অধ্যক্ষ ও রোভার স্কাউট লিডার অংশগ্রহণ করে।



# চিরনিদ্রায় শায়িত হলে স্কাউটার মনির উদ্দিন সরকার



বাংলার ব্যাডেন পাওয়েল নামে খ্যাত সকলের প্রিয়ভাজন লিডার ট্রেনার মনির উদ্দিন সরকার ২৩ অক্টোবর ২০১৬, রবিবার সকাল ১১-৩০ ঘটিকায় ময়মনসিংহে ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহে---রাজীউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিলো প্রায় ৮০ বছর। তাঁর মৃত্যুতে গভীর শোক ও সমবেদনা জ্ঞাপন করছেন বাংলাদেশ স্কাউটসের সভাপতি, জনাব মোঃ আবুল কালাম আজাদ, প্রধান জাতীয় কমিশনার ড. মোঃ মোজাম্মেল হক খান, বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনারগণ, জাতীয় উপ কমিশনারগণ, প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভগণ, অঞ্চল জেলা ও উপজেলার প্রাক্তণ ও বর্তমান স্কাউট রোভার স্কাউট ও স্কাউটারগণ। সকলের প্রিয়, সদা হাস্যোজ্জ্বল প্রবীন এই স্কাউটার সকলের চোখের জলে ২৪ অক্টোবর নেত্রকোনা জেলার পূর্বধলার জারিয়ার নিজ বাড়ীতে চিরনিদ্রায় শায়িত হন। বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতরের এক প্রতিনিধি দল তাঁর জানাজায় অংশগ্রহণ করেন এবং স্কাউট পতাকা দিয়ে তাঁর কপিন মুড়িয়ে দেন ও পুষ্পস্তবক অর্পণ করেন। জনাব মনির উদ্দিন সরকার পেশাগত জীবনে একজন শিক্ষক ছিলেন। পূর্বধলা উপজেলা থেকে ঢাকা অঞ্চলের বিভিন্ন পদে স্কাউটিং এর দায়িত্ব পালনসহ অসংখ্যা কোর্সে প্রশিক্ষক ও কোর্স লিডারের দায়িত্ব পালন করেছেন। স্কাউটিং তাঁর অনবদ্য অবদানের জন্য তিনি বাংলাদেশ স্কাউটসের সর্বোচ্চ অ্যাওয়ার্ড রৌপ্য ব্যাঘ্র অ্যাওয়ার্ডে ভূষিত হন। আমরা তাঁর আত্মার মাগরোত কামনা করি। তাঁর চির বিদায়ে স্কাউট অঙ্গন গভীরভাবে শোকাহত।







## ডে ক্যাম্প

"সু-শৃঙ্খল জীবনের জন্য স্কাউটিং" এই শ্লোগান সামনে রেখে গত ০১ সেপ্টেম্বর, ২০১৬ মোহাম্মদপুর রামেন্দ্র মডেল উচ্চ বিদ্যালয়ের ডে ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। ইউনিট লিডার স্বপন কুমার রায়ের সঞ্চালনায় উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন গ্রুপ সভাপতি মোঃ বেলায়েত হোসেন, প্রধান শিক্ষক মোহাম্মদপুর মডেল উচ্চ বিদ্যালয়। অনুষ্ঠানে বিদ্যালয়ের শিক্ষক ও সাধারণ ছাত্র-ছাত্রী উপস্থিত ছিল। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি বলেন স্কাউটদের দক্ষ করে গড়ে তোলার জন্য এই ডে ক্যাম্পের আয়োজন।

স্কাউটদের উদ্দেশ্যে তিনি বলেন সফল ভাবে ডে ক্যাম্প করতে পারলে নিজে এবং ইউনিটকে দক্ষ করে গড়ে তুলতে পারবে। ডে ক্যাম্প পরিচালনা করেন ইউনিট লিডার স্বপন কুমার রায়, তার সহযোগী হিসাবে ছিলেন মোঃ নাজমুল হাছান, ড্যাফোডিল এয়ার রোভার, এবং সাইফুল ইসলাম রোভার মেট ফেনী পলিটেকনিক ইনস্টিটিউট। ক্যাম্পে ২০ জন স্কাউট অংশগ্রহণ করে। স্কাউটিং এর আদর্শ উদ্দেশ্য, উপদলীয় কার্যাবলী সহ চরিত্র গঠনের বিষয় নিয়ে ক্যাম্পে আলোচনা করা হয়।

**৮ম জাতীয় কাব ক্যাম্পুরীর ছবির জন্য ক্লিক করুন**

www.flickr.com/photo/8thnationalcubcamporee

Like Us On facebook

www.facebook.com/bdscouts

### নোটিশ বোর্ড

বাংলাদেশ স্কাউটস ইনবক্সে স্কাউটিং সম্পর্কিত সংবাদ, প্রতিবেদন এবং ছবি পাঠানোর ঠিকানা ঃ

বাংলাদেশ স্কাউটস জাতীয় সদর দফতর
৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড
কাকরাইল, ঢাকা-১০০০।
ফোন ঃ ০২ ৯৩৩৩৬৫১
মোবাইল ঃ ০১৭১১-০২৬০৯২
ই-মেইল ঃ
ncshahriar@yahoo.com
ahmsazad@yahoo.com
bsagrodoot@gmail.com

**সম্পাদনা পরিষদ ঃ**

**প্রধান উপদেষ্টাঃ**
ড. মোজাম্মেল হক খান
প্রধান জাতীয় কমিশনার
বাংলাদেশ স্কাউটস

**সম্পাদক ঃ**
জনাব সরোয়ার মোহাম্মদ শাহরিয়ার
জাতীয় কমিশনার (জনসংযোগ ও মার্কেটিং)
বাংলাদেশ স্কাউটস

**নির্বাহী সম্পাদক ঃ**
জনাব এ এইচ এম শামছুল আজাদ
উপ পরিচালক (জনসংযোগ ও মার্কেটিং)
বাংলাদেশ স্কাউটস

**প্রকাশনায় ঃ**
জনসংযোগ ও মার্কেটিং বিভাগ
বাংলাদেশ স্কাউটস